

# সরকারি মেডিকেল কলেজে ৩৫৫ আসন কমলো

ইতেফাক ডিজিটাল ডেক্স

প্রকাশ : ১১ নভেম্বর ২০২৫, ০১:৪৯



দেশের সরকারি মেডিকেল কলেজে ভর্তির সুযোগ কমেছে। আগের ৫ হাজার ৩৮০টি আসন থেকে ৩৫৫ আসন কমিয়ে সরকারি মেডিকেল কলেজের আসন পুনর্বিন্যাস করেছে। এমনকি দেশের পুরোনো আট সরকারি মেডিকেল কলেজে থেকেও ২০০ আসন কমানো হয়েছে।

 দেনিক ইতেফাকের সর্বশেষ খবর পেতে [Google News অনুসরণ করুন](#)

অন্যদিকে, তিনটি কলেজে ৭৫ আসন বাড়ানো হয়েছে। ফলে চলতি বছরে থেকে সরকারি মেডিকেল কলেজগুলোতে ২৮০ শিক্ষার্থীর লেখাপড়ার সুযোগ কমলো।

সোমবার (১০ নভেম্বর) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার সিনিয়র সহকারী সচিব সঞ্জীব দাশের সই করা এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে পাঠানো ওই চিঠিতে বলা হয়, গত ৩০ অক্টোবর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টার সভাপতিতে অনুষ্ঠিত সভায় ৩৭ সরকারি মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সের বিদ্যমান আসন পুনর্বিন্যাস করা হয়।

চিঠ্ঠিতে বলা হয়েছে, বর্তমানে ৫ হাজার ৩৮০টি আসন রয়েছে তিনি সরকারি মেডিকেল কলেজে। তবে নতুন সিদ্ধান্ত অনুযায়ী এর সংখ্যা দাঁড়াল ৫ হাজার ১০০-তে। এর মধ্যে ঢাকা মেডিকেল কলেজসহ মোট ১৪টি মেডিকেল মোট ৩৫৫টি আসন কমানো হয়েছে। আসন বেড়েছে তিনটি মেডিকেল। দেশের প্রথম সারির পুরোনো আটটি মেডিকেল থেকে ২৫টি করে আসন কমানো হয়েছে। ২৫০ থেকে আসন কমে এ আট প্রতিষ্ঠানে আসনসংখ্যা দাঁড়িয়েছে ২২৫-এ।

এগুলো হলো ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, রাজশাহী, সিলেট এমএজি ওসমানী, বরিশাল শেরেবাংলা, ঢাকার স্যার সলিমুল্লাহ এবং রংপুর মেডিকেল কলেজ। এ ছাড়া শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজেও ২৩০ থেকে পাঁচ কমিয়ে ২২৫টি আসন নির্ধারণ করা হয়েছে।

এর বাইরে হবিগঞ্জ মেডিকেল কলেজ থেকে ৫০ এবং নেত্রকোণা, নীলফামারী, নওগাঁ, মাগুরা ও চাঁদপুর মেডিকেল থেকে ২৫ করে কমিয়ে ৫০ আসন নির্ধারণ করা হয়েছে। আসন বাড়া তিনটি প্রতিষ্ঠান হচ্ছে গাজীপুরের শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, টাঙ্গাইল মেডিকেল কলেজ এবং পটুয়াখালী মেডিকেল কলেজ। এর মধ্যে শহীদ তাজউদ্দীন এবং টাঙ্গাইল মেডিকেলে ২৫ করে বাড়িয়ে আসন দাঁড়িয়েছে ১২৫টি। অন্যদিকে, পটুয়াখালী মেডিকেলে ২৫ বাড়িয়ে আসন নির্ধারণ করা হয়েছে ১০০টি।

তবে অন্যান্য মেডিকেলের আসন সংখ্যা অপরিবর্তিত রয়েছে। এর মধ্যে ২০০ করে আসন রয়েছে কুমিল্লা, খুলনা, বগুড়ার শহীদ জিয়াউর রহমান, ফরিদপুর ও দিনাজপুর মেডিকেল কলেজে। ১০০ করে আসন রয়েছে পাবনা, নোয়াখালী, কক্সবাজার, যশোর, সাতক্ষীরা, কিশোরগঞ্জের শহীদ সৈয়দ নজরুল ইসলাম, কুষ্টিয়া, জামালপুর ও মুগন্দা মেডিকেল কলেজে।

অন্যদিকে, ১২৫টি করে আসন রয়েছে গোপালগঞ্জ এবং মানিকগঞ্জ মেডিকেল কলেজে। আর সুনামগঞ্জ মেডিকেল কলেজে রয়েছে ৭৫টি আসন।